

বিশ্বিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (১৫ ফেব্রুয়ারী ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: বটিয়াঘাটা

জেলা: খুলনা

তারিখ: ১৫-০২-২০২৬

বুলেটিন নম্বর: ১২৩

গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ১২.০২.২০২৬ থেকে ১৪.০২.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	১২-০২-২০২৬	১৩-০২-২০২৬	১৪-০২-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৮.৫	২৭.৬	২৯.৪
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১৭.৭	১৮.৩	১৯.৪
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৪৩	৪৩	৪১
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১১	১১	১০
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ১৫.০২.২০২৬ থেকে ১৮.০২.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	১৫-০২-২০২৬	১৬-০২-২০২৬	১৭-০২-২০২৬	১৮-০২-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৯	২৯	৩০	৩১
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১১	১১	১২	১৩
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৩৩	৩৭	৩৭	৩১
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৪	১৫	১৩	১৩
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	দক্ষিণ - পশ্চিম

Source: <https://usf.bmd.gov.bd/>

সময়কাল: ১৫ ফেব্রুয়ারী ২০২৬ – ১৮ ফেব্রুয়ারী ২০২৬

তরমুজ:

বীজ বপন:

- তরমুজের বীজ বপনের ৫-৭ দিনের বীজ পত্র মাটির উপরিভাগে উঠে আসে। নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন।

ভুট্টা: পর্যায় অঞ্জাজ বৃদ্ধি:

- আগামী চার দিনে কোনও বৃষ্টিপাতের সম্ভাবনা নেই এবং শুষ্ক আবহাওয়া বিরাজ করার সম্ভাবনা রয়েছে। বর্তমান আবহাওয়ায় মাটির আর্দ্রতা সংরক্ষণের জন্য ভুট্টা ফসলের ক্ষেতে নিয়মিত সেচ দিন। ভুট্টার অংগজ বৃদ্ধির সময় বিশেষত ৩-৫ এবং ৮-১০ পাতার পর্যায়ে জমিতে পর্যাপ্ত রস বা পানি না থাকলে বৃদ্ধির হার উল্লেখযোগ্যভাবে কমে যেতে পারে। যেখানে সেচ দেওয়া সম্ভব নয় সেখানে খড়ের মালচিং এর ব্যবস্থা করুন। বীজ বপনের ৪০-৪৫ দিন পর ভুট্টায় দ্বিতীয় নিড়ানি দিন।
- ৪০-৫০ দিন বয়সী গাছে দ্বিতীয় টপ ড্রেসিং হিসাবে ৩৫০ গ্রাম ইউরিয়া সার প্রয়োগ করুন।
- শুষ্ক আবহাওয়া বিরাজ করার ফলে জমিতে পর্যাপ্ত রস বা পানি না থাকলে, বিশেষত ৩-৫ এবং ৮-১০ পাতা পর্যায়ে, চারার ভালো বৃদ্ধির জন্য সেচ প্রয়োগ করা উচিত। প্রয়োজনে কৃষকভাইরা সার, কীটনাশক প্রয়োগ বা আগাছা নিয়ন্ত্রণের ব্যবস্থা করতে পারেন।

ডাগন ফল:

- দুই বছরের পুরোনো ডাল কেটে ফেলতে হবে এবং জৈব সার যতো পারা যায় প্রয়োগ করতে হবে। টিএসপি আর অন্যান্য সার পূর্ণ মাত্রায় প্রয়োগ করতে হবে।